

উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি (অধিবেশন নং-০৫) এর সভার কার্য বিবরণী :

সভাপতি : জনাব মোঃ মাহমুদুর রহমান, ভাইস চেয়ারম্যান ও সভাপতি উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক কমিটি, উপজেলা পরিষদ, আদমদীঘি, বগুড়া।

সভার স্থান : উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, আদমদীঘি, বগুড়া।

তারিখ : ২৫/১১/১৯-----খ্রিঃ।

সময় : সকাল ১১.০০ ঘটিকায়।

উপস্থিত সদস্যদের তালিকা রেজুলেশন বহিতে লিপিবদ্ধ আছে।

আলোচ্য বিষয় সমূহ :

- ১। পূর্বের সভার সিদ্ধান্তসমূহ আলোচনান্তে অনুমোদন।
- ২। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা।
- ৩। ডহরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ।
- ৪। বিবিধ।

আলোচ্য বিষয়	আলোচনা/প্রস্তাব	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
১। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, অত্র আদমদীঘি উপজেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীর হার অনেক কম। কোন ছাত্র বা ছাত্রীর বিদ্যালয়ে ২দিন অনুপস্থিত থাকলে শ্রেণি পাঠ থেকে পিছিয়ে যায়। এমতাবস্থায় বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন।	উপস্থিত সদস্যগণ সহ সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন যে, শিক্ষকদের নিয়মিত হোম ভিজিট করতে হবে। এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করতে হবে।	উপজেলা শিক্ষা অফিসার, আদমদীঘি, বগুড়া।
২। সান্তাহার বিপি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ।	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, সান্তাহার বিপি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর তুলনায় শ্রেণিকক্ষ সংকট থাকায় পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। এমতাবস্থায় ডহরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণ করা প্রয়োজন।	সভায় সর্বসম্মতিক্রমে সান্তাহার বিপি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের প্রস্তাব অনুমোদন করা হয় এবং উপজেলা শিক্ষা অফিসারকে ধন্যবাদ জানানো হয়।	উপজেলা শিক্ষা অফিসার ও সভাপতি, উপজেলা শিক্ষা স্থায়ী কমিটি,

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ দিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

ও

সভাপতি

উপজেলা প্রাথমিক শিক্ষা স্থায়ী কমিটি
আদমদীঘি, বগুড়া।